

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ মহান আল্লাহ কোন কোন সময় তার কোন বান্দাকে বিভিন্ন ধরণের বালা-মুসীবত ও দুঃখ-কষ্ট দ্বারা
দুনিয়াতে শান্তি দেন, যাতে এটি তার পূর্বের গোনাহের কাক্ফারা হয়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ اللَّهَ قَدْ يُعَدِّبُ مَنْ شَاءَ مِنْ عِبَادِهِ فِي الدُّنْيَا بِأَنْوَاعِ الْمِحَنِ وَلُمْصَائِبِ لِتَكُونَ تَكْفِيرًا لِلْحَوْبَةِ الَّتِي تقدَّمتها

আরবী

2901 _ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ حَدَّقَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّقَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا ابْنُ أَبِي ذِبْب عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَامِرِ بْنِ رَبِيعَةَ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ خَرَجَ يُرِيدُ الشَّامَ فَلَمَّا دَنَا بَلَغَهُ أَنَّ بِهَا الطَّاعُونَ فحدَّته عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْف عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِنَّ هَذَا الْوَجَعَ عذابٌ عُذِبَ الرَّحْمَنِ بْنُ عَوْف عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِنَّ هَذَا الْوَجَعَ عذابٌ عُذِبَ الرَّحْمَنِ بْنُ عَوْف عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِنَّ هَذَا الْوَجَعَ عذابٌ عُذِبَ الرَّهُ مَنْ كَانَ قَبْلَكُمْ فَإِذَا كَانَ بِأَرْضٍ لَسْتُمْ بِهَا فَلَا تَهْبِطُوا عَلَيْهِ وَإِذَا كَانَ بِأَرْضٍ وَأَنْتُمْ بِهَا لَاللَّهُ بْنِ مَا عَمِرِ بْنِ رَبِيعَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2901 | خلاصة حكم المحدث: صحيح ـ ق.

قَالَ أَبُو حَاتِمٍ: إِخْبَارُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْأَنْبِيَاءِ وَالْأُمَمِ السَّالِفَةِ عَلَى ثَلَاثَةِ أَصَدُبِ وَسَلَّمَ عَنِ الْأَنْبِيَاءِ وَالْأُمَّةِ السَّتِعْمَالَ تِلْكَ أَضرُبٍ: ضربٌ قَصَدَ بِهِ الْمَدْحَ لِأَشْيَاءَ مَعْلُومَةٍ أَرَادَ مِنْ هَذِهِ الْأُمَّةِ اسْتِعْمَالَ تِلْكَ الْأَشْيَاء.

وَالضَّرْبُ الثَّانِي قَصَدَ بِهِ الذَّمَّ أَرَادَ بِهِ انْزِجَارُ هَذِهِ الْأُمَّةِ عَنِ ارْتِكَابِ مِثْلِهَا. وَالضَّرْبُ الثَّالِثُ قَصَدَ بِهِ الْوَصْفَ أَرَادَ بِهِ اعْتِبَارَ هَذِهِ الْأُمَّةِ بِتِلْكَ الْأُوْصَافِ.

বাংলা



২৯০১. আব্দুল্লাহ বিন আমির বিন রাবী আহ থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার উমার রাদ্বিয়াল্লাছ আনছ শামের উদ্দেশ্যে বের হন। যখন তিনি শামের কাছাকাছি যান, তখন তাঁর কাছে সংবাদ পৌঁছলো যে, সেখানে মহামারী শুরু হয়েছে। তখন আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাছ আনহু নাবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস বর্ণনা করেন, তিনি বলেছেন, "নিশ্চয়ই এই মহামারী হলো আল্লাহর শাস্তি, এর দ্বারা তোমাদের পূর্ববতী লোকদের শাস্তি দেওয়অ হয়েছে। কাজেই যখন কোন এলাকায় এই মহামারী দেখা দিবে, যেখানে তোমরা অবস্থান করো না, তবে সেখানে তোমরা অবতরণ করবে না। আর যখন কোন এলাকায় এই মহামারী দেখা দিবে, যেখানে তোমরা অবস্থান করো, তবে মহামারী থেকে বাঁচার জন্য সেখানে থেকে চলে যাবে না। অতঃপর উমার রাদ্বিয়াল্লাছ আনহু সেই বছর সেখান থেকে মদীনায় ফিরে আসেন।"[1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্ববর্তী নাবী ও জাতী সম্পর্কে যা কিছু বর্ণনা করেছেন, তা তিন প্রকার।

প্রথম প্রকার: নির্দিষ্ট কিছু জিনিসের প্রশংসা করা। এর দ্বারা উদ্দেশ্য হলো যাতে এসব বিষয় এই উম্মত আমল করে।

দ্বিতীয় প্রকার: নিন্দা করা। এর দ্বারা উদ্দেশ্য হলো যাতে এই উম্মত এমন করা থেকে বিরত থাকে। তৃতীয় প্রকার: গুণ বর্ণনা। এর দ্বারা উদ্দেশ্য হলো যাতে এই উম্মত এসব গুণে গুণান্বিত হয়।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৯৩; মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৯৬-৮৯৭; সহীহুল বুখারী: ৫৭৩০; সহীহ মুসলিম: ২২১৯; সুনান বাইহাকী: ৩/৩৭৬; আবূ ইয়ালা: ৮৪৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৯০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু 'আমির ইবনু রাবী'আ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন